# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৮৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কোন মুসলিম ভাইয়ের সম্পদ ও সন্তান বৃদ্ধির জন্য দু'আ করা বৈধ

ذِكْرُ إِبَاحَةِ دُعَاءِ الْمَرْءِ لِأَخِيهِ بِكَثْرَةِ الْمَالِ والولد

আরবী

986 ـ أَخْبَرَنَا أَبُو حَاتِمٍ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ الثَّقَفِيُّ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ بَكْرٍ السَّهْمِيُّ قَالَ: حَدَّثَنَا حُمَيْدٌ الطَّوِيلُ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أُمِّ سُلَيْمٍ فَأَتَتْهُ بِتَمْرٍ وَسَمْنٍ فَقَالَ: (أَعِيدُوا سَمْنَكُمْ فِي سِقَائِهِ وَتَمْرَكُمْ فِي وِعَائِهِ فَإِنِّي صَائِمٌ) فَصَلَّى صَلَاةً غَيْرَ مَكْتُوبَةٍ وَصَلَّيْنَا مَعَهُ فَدَعَا لِأُمِّ سُلَيْمٍ وَأَهْلِ بَيْتِهَا فَقَالَتْ أُمُّ سُلَيْمٍ: يارسول اللَّهِ إِنَّ لِي خُوَيْصَةً قَالَ: (مَا هِيَ يَا أُمَّ سُلَيْمٍ)؟ قَالَتْ: خَادِمُكَ أَنَسٌ فَدَعَا لِي بِخَيْرِ الدُّنْيَا وَالْآخِرَةِ وَقَالَ: (اللَّهُمَّ ارْزُقْهُ مَالًا وَوَلَدًا وَبَارِكْ لَهُ) قَالَ: فَإِنِّي مِنْ أَكْثَرِ النَّاسِ وَلَدًا قَالَ: وَأَخْبَرَتْنِي ابْنَتِي أُمينة أَنَّهَا دَفَنَتْ مِنْ صُلْبِي إِلَى مَقْدِمِ الْحَجَّاجِ البصرة بضعاً وعشرين ومئة.

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 986 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৯৮৬. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উম্মু সুলাইমের গৃহে প্রবেশ করেন অতঃপর উম্মু সুলাইম তাঁর কাছে খেজুর ও ঘি নিয়ে আসেন। তখন তিনি বলেন, "আপনারা আপনাদের ঘি তার পাত্রে রেখে দিন, আর আপনাদের খেজুর তার থলেতে রেখে দিন কেননা আমি সিয়াম রেখেছি।" অতঃপর তিনি ফরয সালাত ব্যতীত নফল সালাত আদায় করেন আমরাও তাঁর সাথে সালাত আদায় করি। তারপর তিনি উম্মু সুলাইম ও তাঁর পরিবারের জন্য দু'আ করেন, তখন উম্মু সুলাইম রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার একটি আবেদন আছে।" জবাবে তিনি বলেন, "হে উম্মু সুলাইম, সেটা কী?" তিনি বলেন, "আপনার খাদেম আনাস রাদ্বিয়াল্লাহু আনহু।"

তখন তিনি আমার জন্য দুনিয়া ও আখেরাতের কল্যাণের জন্য দু‘আ করেন। তিনি বলেন, اللَّهُمَّ ارْزُقْهُ مَالًا وَوَلَدًا وَبَارِكْ لَهُ (হে আল্লাহ, আপনি তাকে সম্পদ ও সন্তান দান করুন এবং তাকে বারাকাহ দান করুন।) আনাস বিন মালিক বলেন, “আমি মানুষের মাঝে সবচেয়ে বেশি সন্তানের অধিকারী। আমার মেয়ে উমাইনাহ বলেছে, “হাজ্জাজ বিন ইউসুফ বসরায় আগমন করা পর্যন্ত আমার ঔরশজাত সন্তানদের মাঝে ১২০ জনেরও বেশি সন্তান সে দাফন করেছে!”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১০৮; সহীহ বুখারী: ১৯৮২: সহীহ মুসলিম: ২৪৮১; তাবারানী আল কাবীর: ৭১০; আত তায়ালিসী: ২/১৪০; তিরমিযী: ৩৮২৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুশকিলাতুল ফাকর: ১২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89491

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন